

পরিবারের জন্য 2020 জুন-এ গ্রাজুয়েশনের শর্তাবলীর তথ্যে কিছু আপডেট

মনে করিয়ে দিচ্ছি যে, 2020-এর জুন এবং অগাস্ট-এর রিজেন্টস পরীক্ষা বাতিল করা হয়েছে। যদি আপনার শিক্ষার্থী পূর্বে 2020-এর জুন-এ রিজেন্টস পরীক্ষা দেয়ার পরিকল্পনা করেছিল, গ্রাজুয়েট হতে তারা চাইলে এক বা একাধিক রিজেন্টস পরীক্ষা পরিহার করতে পারবে। একটি পরীক্ষা পরিহার করার মানে হচ্ছে যে আপনার শিক্ষার্থীর গ্রাজুয়েট হতে ঐ পরীক্ষায় পাশ করতে হবে না। তাদের অবশ্যই কোর্সটি পাশ করতে হবে। যদি আপনি রিজেন্টস পরীক্ষা পরিহার গ্রহণ করেন, তাহলে আপনার শিক্ষার্থী তাদের সকল বাধ্যতামূলক কোর্স ক্রেডিটগুলো শেষ করা মাত্রই গ্রাজুয়েট হবে।

আপনি যদি আপনার সন্তানকে 2020-21-এ হাই স্কুলে রাখতে চান তাহলে আপনি তার কিছু রিজেন্টস পরীক্ষা পরিহার না করার সিদ্ধান্ত নিতে পারেন। যদি আপনি একটি রিজেন্টস পরীক্ষা পরিহার না করা বেছে নিন, তাহলে যখন 2020-21-এ পরীক্ষা নেয়া হবে তখন আপনার শিক্ষার্থী ঐ পরীক্ষায় পাশ করার জন্যে কাজ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে। এই সিদ্ধান্ত পরিবর্তনযোগ্য নয়, এবং আপনার শিক্ষার্থী COVID-19-এর কারণে আর কোনো রিজেন্টস পরিহার করার যোগ্য হবে না। যে শিক্ষা বছর তারা 21 বছর বয়সী হবে সেসময়ের মধ্যে আপনার শিক্ষার্থী যদি সকল রিজেন্টস পরীক্ষা পাশ না করে অথবা ন্যূনতম বাধ্যতামূলক শর্তাবলী পূরণ না করে, তাহলে তারা একটি ডিপ্লোমা সহ গ্রাজুয়েট হবে না।

এটা এমন একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত, যা হাই স্কুল পরবর্তী পদক্ষেপগুলো প্রভাবিত করে। আপনার শিক্ষার্থীর জন্যে সবচেয়ে ভাল সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করতে আপনার সাথে এই অপশনগুলো আলোচনা করার জন্য আপনার শিক্ষার্থীর স্কুলের স্টাফ সদস্যরা প্রস্তুত আছে।

যদি আপনার শিক্ষার্থী রিজেন্টস পরিহারের কারণে গ্রাজুয়েশনের জন্য যোগ্য হয়, আপনি একটি ইমেইল অথবা জরিপ পাবেন। যখন আপনি এটা পাবেন, আপনার শিক্ষার্থীর জন্য আপনি কী সিদ্ধান্ত বেছে নিয়েছেন তা স্কুলকে জানাতে, আপনাকে অবশ্যই জবাব দিতে হবে। যদি আপনার শিক্ষার্থীর একটি IEP থেকে থাকে, এবং এই ফল-এ (হেমন্তে) পঞ্চম বা ষষ্ঠ বছরের জন্য স্কুলে ফিরে আসার পরিকল্পনা করছে, তাহলে আপনার সিদ্ধান্ত আমাদের ইমেইল করে না জানালে তারা গ্রাজুয়েট হবে না। ইমেইল নিম্নলিখিত সিদ্ধান্তগুলো বেছে নেয়ার সুযোগ দিচ্ছে:

- **অপশন 1 – সকল পরিহার গ্রহণ:** আমার শিক্ষার্থীর জন্য আমি সকল রিজেন্ট পরিত্যাগ গ্রহণ করেছি। আমি বুঝি যে আমার শিক্ষার্থী তার সকল কোর্স ক্রেডিট অর্জন করার পর গ্রাজুয়েট হবে। আপনার বেছে নেয়া সিদ্ধান্ত আমাদের জানাতে, "I accept all waivers" (আমি সকল পরিহার গ্রহণ করছি) লিখে এই ইমেইলের জবাব দিন।
- **অপশন 2 – সকল পরিহার বর্জন:** আমি আমার শিক্ষার্থীর জন্য কোনো রিজেন্টস পরীক্ষা অথবা CDOS শর্তাবলী পরিহার করতে চাই না। আপনার বেছে নেয়া সিদ্ধান্ত আমাদের জানাতে, "I decline all waivers" (আমি সকল পরিহার বর্জন করছি) লিখে এই ইমেইলের জবাব দিন।
 - আমি বুঝেছি যে আমি এই অপশন বেছে নিলে আমার শিক্ষার্থী এই বছর পাশ করবে না।
 - আমি বুঝেছি যে আমার শিক্ষার্থী যে-শিক্ষা বছরে 21 বছর বয়সী হবে সেপর্যন্ত, অথবা সে একটি স্থানীয় হাই স্কুল ডিপ্লোমা অর্জন করার আগে পর্যন্ত, বিনামূল্যে একটি পাবলিক শিক্ষা গ্রহণে যোগ্য থাকবে, যেটা আগে হবে।
 - আমি বুঝেছি যে ভবিষ্যতে একটি ডিপ্লোমা অর্জন করতে, আমার শিক্ষার্থী আর পরিহারের যোগ্য হবে না এবং সকল গ্রাজুয়েশনের শর্তাবলী অবশ্যই পূরণ করতে হবে। এর অর্থ হচ্ছে আমার শিক্ষার্থীকে রিজেন্টস পরীক্ষাগুলো 2020-21-এ দিতে অব্যাহতভাবে প্রস্তুতি গ্রহণ করবে।
- **অপশন 3 – কিছু পরিহার গ্রহণ:** আমি আমার শিক্ষার্থীর জন্য কিছু রিজেন্টস পরিহার করতে চাই, সবগুলো নয়। আমি কোন্ পরীক্ষাগুলো আমার শিক্ষার্থীর জন্য পরিহার করতে চাই সেগুলো আলোচনা করতে আমি প্রস্তুত আছি। আপনার বেছে নেয়া সিদ্ধান্ত আমাদের জানাতে "I accept some waivers" (আমি কিছু পরিহার গ্রহণ করছি) লিখে এই ইমেইলের জবাব দিন।
- **অপশন 4 – অনিশ্চিত:** আমি নিশ্চিত নই। আমি এই সিদ্ধান্ত আলোচনা করতে একজন স্কুল স্টাফ সদস্যের সাথে মিলিত হতে চাই। আপনার বেছে নেয়া সিদ্ধান্ত আমাদের জানাতে "I am not sure" (আমি নিশ্চিত নই) লিখে এই ইমেইলের জবাব দিন।

অনুগ্রহ করে আপনার বেছে নেয়া সিদ্ধান্ত জানিয়ে ইমেইল করতে ভুলবেন না। যদি আপনি উত্তর না দেন, এবং আপনার শিক্ষার্থী পঞ্চম বা ষষ্ঠ শিক্ষা বছরের জন্য পরিকল্পনা করছিল, তাহলে স্কুল আপনার শিক্ষার্থীর 2020-2021 শিক্ষা বছরে স্কুলে ফেরত যাওয়ার জন্য পরিকল্পনা করবে, এমনকি সে যদি বর্তমানে ডিপ্লোমা অর্জনের জন্য যোগ্য হয়েছে থাকে। তখন এই পরিহার আর কার্যকর হবে না। এই সিদ্ধান্ত সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থেকে থাকে তাহলে আপনার শিক্ষার্থীর স্কুলের সাথে যোগাযোগ করা গুরুত্বপূর্ণ। এছাড়াও আপনি ইমেইলে যোগাযোগ করতে পারেন:

NYCTCAC@schools.nyc.gov ঠিকানায়।